**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-04-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM on North East:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশের উত্তর পূর্বাঞ্চল নতুন ভারতের সবচেয়ে বড়ো সাফল্যের কাহিনী হিসেবে উঠে এসেছে। তিনি বলেন বিগত পাঁচ বছরে এই অঞ্চলের বিকাশের জন্য যে বিনিয়োগ করা হয়েছে তা কংগ্রেস দ্বারা বরাদ্দকৃত টাকার চারগুনের ও বেশি। এক পত্রিকা কে দেওয়া সাক্ষাৎকারে শ্রী মোদী বলেন গত দশকের সব পরিকাঠামোগত বিকাশ উত্তর-পূর্বাঞ্চল কে দেশের বাকি অংশের সাথে জুড়ে দিয়েছে। উগ্রপন্থার বিষয়ে কথা বলতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন সরকার উত্তর-পূর্বাঞ্চলে উগ্রপন্থাকে অনেকটাই নিয়ন্ত্রণ করতে পেরেছে এবং শান্তি সুনিশ্চিত করেছে। তিনি বলেন গত দশ বছরে মোট ১১ টি শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। শ্রী মোদী আরও জানান ২০১৪ থেকে এখনও পর্যন্ত নয় হাজার পাঁচ শ' র বেশি উগ্রপন্থী আত্মসমর্পণ করেছে এবং সমাজের মূল ধারায় সামিল হয়েছে।

**************

**1625 candidates in fray for 1st phase of election:**

মনোনয়ন প্রত্যাহারের পর 102টি সংসদীয় আসনে লোকসভা নির্বাচনের প্রথম ধাপে এক হাজার ছয়শ পচিঁশ জন প্রার্থী মাঠে রয়েছেন বলে জানিয়েছে নির্বাচন কমিশন। ১৬২৫ জন প্রার্থীর মধ্যে এক হাজার চারশত ৯১ জন পুরুষ ও ১৩৪ জন মহিলা। চলতি মাসের ১৯ তারিখে প্রথম দফার ভোট হবে।

**************

**East Tripura Lok Sabha Constituency :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে মোট ৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। গতকাল মনোনয়নপত্র প্রত্যাহার প্রক্রিয়া শেষে সাংবাদিক সম্মেলনে একথা জানান এই কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ। তিনি জানান, কোনো প্রার্থীই মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। উল্লেখ্য, এই আসনে ৯ জন প্রার্থীই মনোনয়ন জমা করেছিলেন। ৫ই এপ্রিল মনোনয়নপত্র পরীক্ষায় সব প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছিল।

**************

**Withdrawal nomination ens for 2nd phase of election:**

লোকসভা নির্বাচনের দ্বিতীয় ধাপের মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ দিন ছিল গতকাল। গত শুক্রবার জম্মু ও কাশ্মীর ছাড়া এই পর্বে যেসব জায়গায় নির্বাচন অনুষ্ঠিত হবে সেখানে মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করা হয়। জম্মু ও কাশ্মীরে মনোনয়নপত্র পরীক্ষা করা হয় গত শনিবার। দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল করার শেষ দিন ছিল গত বৃহস্পতিবার । এই পর্বে, ১২টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮টি লোকসভা আসনের সাথে বাইরের মণিপুর লোকসভা কেন্দ্রের অবশিষ্ট অংশে এই মাসের ২৬ তারিখে ভোট হবে।

**************

**Chief electoral officer-PRTI :**

রাজ্যে লোকসভা নির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহনের কাজ আগামী ১০ই এপ্রিল থেকে শুরু হবে। আগরতলার পঞ্চায়েতী রাজ প্রশিক্ষণ কেন্দ্রে গতকাল নির্বাচনী সহিংসতা ছাড়া ভোটগ্রহণ শীর্ষক এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়াল একথা জানান। তিনি বলেন, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের জন্য আগামী ১০ ও ১২ই এপ্রিল এবং পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের জন্য ১৭ ও ১৮ই এপ্রিল বাড়ি বাড়ি গিয়ে ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হবে।

**************

**Vice President greets people:**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর উগাদি, গুড়ি পাড়ভা, চেতি চাঁদ, চৈত্র শুক্লাদি, নভরেহ এবং সজিবু চেইরাওবার প্রাক্কালে মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী ধনখর বলেন, বিভিন্ন নামে উদযাপিত হলেও এর মূল উদ্দেশ্য এক । একই আনন্দের সাথে, এই উৎসবগুলি আমাদের দেশের বিভিন্ন কোণে ঐতিহ্যগতভাবে নববর্ষের সূচনা করে। উপরাষ্ট্রপতি জনগণকে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের চেতনা প্রতিফলিত করার আহ্বান জানান।

**************

**Rohingya detention:**

নির্বাচনকে সামনে রেখে নাকা পয়েন্টে গাড়ি তল্লাশির সময় গতকাল সন্ধ্যায় ২ রোহিঙ্গা ও ৩ জন পাচারকারীকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে সিপাহীজলা জেলার বিশালগড় থানার পুলিশ। বিশালগড় থানাধীন উত্তম ভক্ত চৌমুহনীর নাকা পয়েন্টে একটি গাড়ি থেকে তাদেরকে প্রথমে আটক করা হয় বলে জানিয়েছেন বিশালগড় থানার ও.সি রানা চ্যাটার্জী। ২ রোহিঙ্গার সঙ্গে পুলিশের জালে পাকড়াও হওয়া বাকি ৩ জনের বাড়ি সোনামুড়া মহকুমার কলমচৌড়া থানাধীন রহিমপুর এলাকায়। তাদের জোর জিজ্ঞাসাবাদ চালাচ্ছে পুলিশ। যে গাড়িটি ব্যবহার করছিল তারা, সেই গাড়িটিকেও বাজেয়াপ্ত করেছে পুলিশ।

**************

**Ganja Sized Ambassa:**

গোপন সংবাদের ভিত্তিতে বিপুল পরিমাণ শুকনো গাজা উদ্ধার করল আমবাসা থানার পুলিশ। গতকাল সন্ধ্যারাতে আমবাসা থানাধীন আট নং আসাম আগরতলা জাতীয় সড়কের বেতবাগানস্থিত নাকা পয়েন্টে একটি ১২ চাকার লরি থেকে এই বিপুল পরিমাণ শুকনো গাজা উদ্ধার করে আমবাসা থানার পুলিশ। গাড়িটিতে বিশাল আকারের প্রচুর পরিমাণ ড্রাম ছিল । তার মধ্যে ১৪ টি ড্রাম ছিল গাজা ভর্তি। এই লরিটি আগরতলার দিক থেকে আসছিল এবং আসামের দিকে যাচ্ছিল।

**************

**press meet of SDM:**

মোহনপুর মহকুমা এলাকায় আগামী ১০ এবং ১২ এপ্রিল বাড়ি বাড়ি ভোট গ্রহন হবে। গতকাল মোহনপুর মহকুমা শাসক তথা এআরও সুভাষ দত্ত নিজ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, ৮৫ বছর বয়স্ক, শারীরিকভাবে অসুস্থ এবং প্রতিবন্ধী ভোটারদের  বাড়িতে গিয়ে ভোট গ্রহণ নেওয়া হবে।

**************

**BJP legal cell :**

রাজ্যে লোকসভা নির্বাচনে এবং রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থীদের সমর্থনে গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি লিগাল সেলের আইনজীবীরা আগরতলা শহরে এক মিছিলে সামিল হন। মিছিলটি আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**************

**Congress Deputation :**

রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে দাবি জানানো হয়েছে। সর্বভারতীয় কংগ্রেস নেত্রী জারিতা লাইতফ্লাং-এর নেতৃত্বে এক প্রতিনিধিদল গতকাল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার ডা: বিশাল কুমারের সঙ্গে সাক্ষাৎ করে এই দাবি জানান।

**************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাষে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রীর কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়  ২০.৭ ডিগ্রী সেলসিয়াস।  রাজ্যের কিছু জায়গায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টির সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে

চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

**************

**************